

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৪৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৬. সালাতের ইকামাত হওয়ার পরও ইমামের আগমনের অপেক্ষায় বসে থাকা

باب فِي الصَّلَاةِ تُقَامُ وَلَمْ يَأْتِ الإِمَامُ يَنْتَظِرُونَهُ قُعُودًا

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ سُوَيْدِ بْنِ مَنْجُوفِ السَّدُوسِيُّ، حَدَّثَنَا عَوْنُ بْنُ كَهْمَسٍ عَنْ أَبِيهِ، كَهْمَسٍ قَالَ قُمْنَا إِلَى الصَّلَاةِ بِمِنًى وَالإِمَامُ لَمْ يَخْرُجْ فَقَعَدَ بَعْضُنَا فَقَالَ لِي شَيْخٌ مِنْ أَهْلِ الْكُوفَةِ مَا يُقْعِدُكَ قُلْتُ ابْنُ بُرَيْدَةَ . قَالَ هَذَا السُّمُودُ . فَقَالَ لِي الشَّيْخُ حَدَّثَنِي مِنْ أَهْلِ الْكُوفَةِ مَا يُقْعِدُكَ قُلْتُ ابْنُ بُرَيْدَةَ . قَالَ هَذَا السُّمُودُ . فَقَالَ لِي الشَّيْخُ حَدَّثَنِي عَبْدُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْسَجَةَ عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ قَالَ كُنَّا نَقُومُ فِي الصَّفُوفِ عَلَى عَهْدِ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم طَويلاً قَبْلَ أَنْ يُكَبِّرَ قَالَ وَقَالَ " إِنَّ اللهَ وَمَلَائِكَتُهُ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم طَويلاً قَبْلَ أَنْ يُكَبِّرَ قَالَ وَقَالَ " إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصِلُّونَ عَلَى اللهِ مِنْ خَطُوةٍ أَحَبَّ إِلَى اللهِ مِنْ خَطُوةٍ يَصِلُ بَهَا صَنَقًا " .

ضعيف: المشكاة ١٠٩٥

বাংলা

৫৪৩। কাহমাস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, মিনায় আমরা সালাত আদায়ের জন্য দাঁড়িয়ে গেলাম, কিন্তু তখনো ইমাম বের হননি। এমতাবস্থায় আমাদের মধ্যকার কেউ কেউ বসে পড়ল। কুফাবাসী জনৈক শায়খ বললেন, কিসে আপনাকে বসিয়ে দিল? আমি বললাম, ইবনু বুরাইদাহ। তিনি বলেছেন, ইমামের জন্য এভাবে (দাঁড়িয়ে) অপেক্ষা করা নিম্প্রোয়োজন। তিনি বলেন, আমার শায়খ 'আবদুর রহমান ইবনু 'আওসাজাহ (রহঃ) আলবারাআ ইবনু 'আযিব (রাঃ) সূত্রে বর্ণনা করেন যে, আমরা রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে তাকবীরে তাহরীমা বলার পূর্বে সালাতের কাতারে দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকতাম। তিনি আরো বলেন, সম্মানিত মহান আল্লাহ রহমত বর্ষণ করেন এবং তাঁর মালায়িকাহ্ (ফিরিশতাগণ) দু'আ করে থাকেন ঐ লোকদের জন্য যারা সামনের কাতারসমূহের দিকে ধাবিত হয়। আল্লাহর নিকট ঐ পদক্ষেপের চাইতে অধিক পছন্দনীয় পদক্ষেপ আর কোনটি নেই মানুষেরা যা কাতারবদ্ধ হবার জন্য করে থাকে।[1]



দুৰ্বল : মিশকাত ১০৯৫।

English

'Awn b. Kahmas reported on the authority of his father Kahmas: we stood for praying at Mina when the Imam had not come out. Some of us sat down (and I too). An old man from Kufah said to me: Why did you down? I said: Ibn Buraidah, this is Sumud (i.e., waiting for the Imam in the standing condition). The old man then narrated a tradition from 'Abd al-Rahman b. 'Awaajah on the authority of al-Bara' b. 'Azib: We would stand in rows during the time of the Messenger of Allah () for a long time before he pronounced Takbir. He further said; Allah, the Exalted and Mighty, sends blessings and the angles invoke blessings for those who are nearer to the front rows. No step is more liking to Allah than a step which one takes to join the row (of the prayer).

ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত কায়িম, অনুঃ সামনে কাতারের ফাযীলাত, হাঃ ৯৯৭), দারিমী (১২৬৪), আহমাদ (৪/২৮৫, ২৯৬), ইবনু খুয়াইমাহ (১৫৫১, ১৫৫৬)। মিশকাতের তাহকীকে শায়খ আলবানী (রহঃ) বলেনঃ এর সনদে অজ্ঞাত ব্যক্তি রয়েছে। তবে হাদীসের প্রথমাংশের ভিন্ন আরেকটি সনদে রয়েছে, যা সহীহ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন